

া ফাতাওয়া ও প্রশ্নোত্র

বিভাগ/অধ্যায়ঃ দৈনন্দিন জীবন এবং সমসাময়িক বিষয় সম্পর্কে রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল্লাহিল হাদী বিন আব্দুল জলীল

আমি কাউকে মোবাইল ফোন উপহার দেয়ার পর সে যদি তা অন্যায় কাজে ব্যবহার করে তাহলে কি আমিও গুনাহগার হবো? - প্রশ্ন: আমার এক মামাতো ভাই আমার কাছে একটা ফোন চেয়েছে। বলেছি, আমি তোকে টাকা দিয়ে দিব। এখন আমি কী করব? আমি হুজুরের মুখে শুনেছি যে, কেউ যদি কাউকে ফোন গিফট করে তাহলে সে ওই ফোনে যত নোংরা ভিডিও দেখবে বা খারাপ কোন কিছু আপলোড করবে তাহলে সে দায়ী থাকবে। এতে আপনি কী বলেন আমাকে যদি একটু বলতেন।

উত্তর:

আপনি যদি কারো চরিত্র সম্পর্কে জানা থাকার কারণে আশক্ষা করেন বা মনে প্রবল ধারণা সৃষ্টি হয় যে, আপনি তাকে মোবাইল দিলে সে এটি অন্যায় ও খারাপ কাজে ব্যবহার করবে তাহলে তাকে তা দেওয়া জায়েজ হবে না। কেননা এতে গুনাহের কাজে সহযোগিতা করা হয়। অথচ আল্লাহ তাআলা আমাদেরকে গুনাহ ও সীমালজ্মনের কাজে একে অপরকে সহায়তা করতে নিষেধ করেছেন। আল্লাহ বলেন:

وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقُوىٰ ١٤ وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْم وَالْعُدْوَانِ ١٤ وَاتَّقُوا اللَّهَ

"সংকর্ম ও তাকওয়া বা আল্লাহ ভীতির কাজে একে অন্যের সহায়তা কর। পাপ ও সীমালজ্ঘনের ব্যাপারে একে অন্যের সহায়তা করো না। আল্লাহকে ভয় কর।" (সুরা মায়িদা: ২)

কিন্তু যদি এ আশঙ্কা না থাকে বা মনে প্রবল ধারণা সৃষ্টি না হয় তাহলে তাকে দিতে আপত্তি নেই। শুধু সম্ভাবনা যথেষ্ট নয়। কারণ মোবাইল অনেক ভালো কাজেও ব্যবহৃত হয়। আর আমাদের কতর্ব্য, মানুষের প্রতি সু-ধারণা পোষণ করা এবং খারাপ ধারণা থেকে বেঁচে থাকা।

কিন্তু কারো প্রতি সু-ধারণা রেখে যদি মোবাইল দিয়ে থাকেন এরপর এসে যদি তা অন্যায় কাজে ব্যবহার করে তাহলে এর জন্য সে দায়ী থাকবে। এতে আপনার কোনো গুনাহ হবে না ইনশাআল্লাহ। একই বিধান, কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব ইত্যাদি ক্ষেত্রেও প্রযোজ্য। আল্লাহু আলাম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15071

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন